

■■ জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ আযান ও ইক্কামত রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(১) আযানের ফ্যীলত

আযানের ফযীলত ও আহকাম সম্পর্কে অনেক যঈফ হাদীছ ও বানোয়াট কথাবার্তা সমাজে চালু আছে। সেগুলো সম্পর্কে নিম্নে আলোচনা পেশ করা হল।-

(১) আযানের ফ্যীলত:

عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّ النَّبِيَّ قَالَ مَنْ أَذَّنَ سَبْعَ سِنِيْنَ مُحْتَسِبًا كُتِبَتْ لَهُ بَرَاءَةٌ مِنَ النَّارِ.

আব্দুল্ল**াহ ইবনু আব্বাস (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, যে ব্যক্তি ছওয়াবের নিয়তে সাত বছর আযান দিবে,** সে জাহান্নামের আগুন হতে মুক্তি লাভ করবে।[1]

তাহকীক: হাদীছটি যঈফ। উক্ত হাদীছের সনদে জাবের ইবনু ইয়াযীদ আল-জু'ফী নামে একজন রাবী আছে। সে দুর্বল। কোন কোন মুহাদ্দিছ তাকে মিথ্যুক বলেছেন। সে ছিল রাফেযী।[2] তবে নিম্নের হাদীছটি ছহীহ-

عَنِ ابْنِ عُمَرَ أَنَّ رَسُوْلَ اللهِ قَالَ مَنْ أَذَّنَ ثِنْتَىْ عَشْرَةَ سَنَةً وَجَبَتْ لَهُ الْجَنَّةُ وَكُتِبَ لَهُ بِتَأْذَيْنِهِ فِىْ كُلِّ يَوْمٍ سِتُّوْنَ حَسَنَةً وَلِكُلِّ إِقَامَةٍ ثَلاَثُوْنَ حَسَنَةً.

ইবনু ওমর (রাঃ) থেকে বর্ণিত, রাসূল (ছাঃ) বলেছেন, যে ব্যক্তি ১২ বছর আযান দিবে, তার জন্য জান্নাত ওয়াজিব হয়ে যাবে। তার আযানের কারণে প্রত্যেক দিন ৬০ টি এবং প্রত্যেক ইক্লামতের জন্য ৩০ টি নেকী লেখা হবে।[3]

ফুটনোট

- [1]. তিরমিয়ী হা/২০৬, ১/৫১ পৃঃ; ইবনু মাজাহ হা/৭২৭, পৃঃ ৫৩; মিশকাত হা/৬৬৪; বঙ্গানুবাদ মিশকাত হা/৬১৩, ২/২০২ পৃঃ।
- [2]. যঈফ তিরমিয়ী হা/২০৬; যঈফ ইবনু মাজাহ হা/৭২৭; সিলসিলা যঈফাহ হা/৮৫০।
- [3]. ইবনু মাজাহ হা/৭২৮, পৃঃ ৫৩, সনদ ছহীহ; মিশকাত হা/৬৭৮; বঙ্গানুবাদ মিশকাত হা/৬২৭, ২/২০৬ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1872

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন